এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ জনাব মাসুদ ও তার স্ত্রী দুজনই চাকরিজীবী। তারা তাদের চার বছরের সন্তান মিমিকে একটি ডেকেয়ার সেন্টারে রেখে যান। কর্মব্যস্ত মাসুদ তার স্ত্রী ছুটির দিনগুলোতে চিত্তবিনোদনের জন্য সন্তানকে নিয়ে পার্ক, রেস্তোঁরা, স্টেডিয়ামে যান। ছুটির দিনগুলোতেও মিমি তার বাবা-মাকে পেয়ে খুবই আনন্দিত হয়। বরং তার বাবা মা ও তার সাথে গল্পের ছলে প্রাথমিক পাঠ, মূল্যবোধ, আচার ব্যবহার ইত্যাদির শিক্ষা দেয়।

ক. পরিবার কী ধরনের প্রতিষ্ঠান? ১

খ. আত্মসংযমের শিক্ষা পরিবারের কোন ধরনের কাজ ব্যাখ্যা কর। ২

গ. জনাব মাসুদের পরিবারটি কোন পরিবারের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জনাব মাসুদের পরিবারটি পরিবার ব্যবস্থার আদি কাজগুলোর পরিপন্থী" তুমি কি এর সাথে একমত? কারণ বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ আঁখি সমাজে বসবাস করে। সমাজের সদস্য ও রাষ্ট্রের নাগরিক হিসেবে তাকে কতকগুলো নিয়ম কানুন মেনে চলতে হয়। সমাজের কেউ এগুলো করলে তাকে শাস্তি পেতে হয়। এগুলো সমাজ ও রাষ্ট্র কর্তৃক স্বীকৃত। এর মাধ্যমে তাদের স্বাধীনতা ও অধিকার রক্ষা হয়। সমাজের সকলের জন্য এগুলো সমান।

ক. আইনের মূলকথা কী? ১

খ. সাম্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আইনের কোন কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আইনের বিভিন্ন ধরন রয়েছে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ 'A' রাষ্ট্রের ভৌগোলিক আকৃতি খুব ছোট হওয়ায় কেন্দ্রীয় সরকার শিক্ষা, বিদ্যুৎ, যোগাযোগ ও কৃষির ক্ষেত্রের দ্রুত উন্নয়ন সাধন করে। উক্ত রাষ্ট্রের স্তরে স্তরে অনেক কর্মকর্তা-কর্মচারী নাই বলে অর্থনৈতিক খরচ অনেক কম অন্যদিকে 'B' রাষ্ট্রের অঞ্চলগুলো অভ্যন্তরীন ক্ষেত্রে স্বাধীন বলে আঞ্চলিক নেতৃত্ব গঠন করে স্থানীয় পরিষদের মাধ্যমে বিভিন্ন সমস্যার সমাধান করে। ফলে এ রাষ্ট্রের সরকারের উচ্চস্তরের কাজের চাপ অনেক কমে যায়।

ক. অর্থনীতির ভিত্তিতে রাষ্ট্র কত প্রকার? ১

খ. সমাজতান্ত্রিক রাষ্ট্র বলতে কী বুঝায়? ২

গ. 'A' রাষ্ট্রের সরকার ব্যবস্থার ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'B' রাষ্ট্রের সরকার ব্যবস্থা স্থানীয় নেতৃত্বের বিকাশে সহায়ক বিশ্লেষণ কর। ৪

TeachingBD.com

৪. ▶ বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সংবিধান রচনার জন্য একটি কমিটি গঠন করা হয়। এ কমিটি অনেক পরিশ্রম করে একটি খসড়া সংবিধান প্রণয়ন করে। পড়ে গণপরিষদে সংসদের পক্ষে বিপক্ষে মতামত প্রদানের পর তা গৃহীত ও কার্যকর হয়। সফি দুটি দেশের সংবিধান পর্যালোচনা করে দেখতে পায় 'ক' দেশের সংবিধান লিখিত আর 'খ' দেশের সংবিধান অলিখিত। এ দুটি দেশের সংবিধানের বৈশিষ্ট্য ভিন্ন প্রকৃতির।

ক. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়? ১

খ. সংবিধানকে কেন রাষ্ট্রের দর্পণ বলা হয়? ২

গ. কোন পদ্ধতির মাধ্যমে উদ্দীপকের দেশের সংবিধান প্রণীত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' দেশের সংবিধানের সাথে 'ক' দেশের সংবিধানের সাথে 'ক' দেশের সংবিধানের তুলনামূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৫. ▶ বাংলাদেশ টেলিভিশনে জাতীয় সংসদের অধিবেশন সম্প্রচার হচ্ছে দেখে অধীর বসে দেখতে লাগলো। অধিবেশনে শিক্ষা উন্নয়নে বাজেট বরাদ্দ বৃদ্ধির জন্য প্রস্তাব নিয়ে আলোচনা চলছে। আলোচনা শেষে সংসদ সদস্যদের ভোটে প্রস্তাবটি গৃহীত হয়। এ থেকে আবীর বুঝল যে সংসদীয় পদ্ধতির শাসন ব্যবস্থায় জাতীয় সংসদ সবকিছুর কেন্দ্রবিন্দু।

ক. জাতীয় সংসদে কত দিনের মধ্যে পরবর্তী অধিবেশন অনুষ্ঠিত হতে হয়? ১

খ. প্রধানমন্ত্রীকে সরকাররের স্তম্ভ বলা হয় কেন? ২

গ. জাতীয় সংসদের অধিবেশনে শিক্ষা উন্নয়ন বাজেটটি উপস্থাপন ও গৃহীত হওয়ার প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীরের বুঝতে পারা বিষয়টি যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬. ▶ সামিহা জাতীয় সংসদ নির্বাচনে তার এলাকা থেকে জনগণের ভোটে নির্বাচিত হওয়ার পর প্রথমে তিনি স্থানীয় ও জাতীয় নির্বাচনে সংরক্ষিত আসন ছাড়াও অন্যান্য আসনে নারীদের প্রতিযোগিতা করার জন্য অনুপ্রাণিত করেন। পরে তিনি একটি নারী শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করেন। সেখানে নারীদের সেলাই শিক্ষা বাঁশ ও বেতের কাজ, হাঁস মুরগি পালন ও কম্পিউটার প্রশিক্ষণ দানের ব্যবস্থা করেন। তিনি শিক্ষিত মেয়েদের সরকারি বেসরকারি চাকরিসহ যে কোনো পেশায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করেন।

ক. ১৯৯৭ সালে প্রণীত আইনে ইউনিয়ন পরিষদে কতটি নারী সদস্যপদ সৃষ্টি করা হয়েছে? ১

খ. নারীর ক্ষমতায়ন বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. সামিহার প্রথম কাজটি নারীর কোন ধরনের ক্ষমতায়নকে নির্দেশ করেছে? ৩

Teachingbd.com

ঘ. নারী শিক্ষা কেন্দ্রে গৃহীত পদক্ষেপসমূহ নারীদের স্বাবলম্বী করে তুলবে–সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ নাছির দরিদ্র ঘরের সন্তান। শ্বশুর বাড়ির যৌতুকের লোভে পনেরো বছর বয়সে বিবাহ করে। একে একে পাঁচটি কন্যা সন্তান জন্মলাভ করে। কন্যা সন্তান জন্মদানের জন্য স্ত্রীকে অপবাদ দিয়ে আরেকটি বিবাহ করে। দ্বিতীয় স্ত্রীর ঘরে তিনটি কন্যা সন্তান জন্ম নেয়। দুই সংসার নিয়ে অতি কষ্টে তার জীবন চলছে।

ক. জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশ এশিয়ার কততম দেশ? ১

খ. সামাজিক দৃষ্টিভঙ্গি বাংলাদেশের কীভাবে জনসংখ্যা বৃদ্ধি করছে? ২

গ. উদ্দীপকে নাছিরের পরিবারের জনসংখ্যা বৃদ্ধির কারণগুলো বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে প্রযোজ্য কি ব্যাখ্যা কর। ৩

ঘ. কীভাবে নাছিরের পরিবারের জনসংখ্যা সম্পদে পরিণত করা যাবে।? ব্যাখ্যা কর। ৪

৮. ▶ শিশির একটি কারখানায় চাকরি করত। মুক্তিযুদ্ধের সময় তার কারখানার অনেকেই যুদ্ধে যোগদান করে। তাদের দেখাদেখি একদিন সে বাড়ি থেকে পালিয়ে একটি বাহিনীর অধীনে প্রশিক্ষণ নিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে। ব্রাহ্মণবাড়িয়ায় পাকিস্তানি সেনাদের বিরুদ্ধে অংশগ্রহণকালে গুলির আঘাতে তার একটি পা হারায়। যুদ্ধ শেষে ফিরে এসে সে তার চাকরি এবং পরিবার কিছুই ফিরে পায়নি।

ক. ছয়দফা কর্মসূচী কে উত্থাপন করেন? ১

খ. গেরিলা যুদ্ধ কি? ব্যাখ্যা কর। ২

গ. শিশির মুক্তিযুদ্ধে কোন বাহিনীর সদস্য ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিশির ও তার সঙ্গীরা এদেশের শ্রেষ্ঠ সন্তান মূল্যায়ন কর। ৪

৯. ▶ সুদান ও দারফুর মধ্যে দীর্ঘদিন বিবাদ ও সংঘর্ষ চলে আসছিল। বিবাদ মীমাংসায় একটি বিশ্বসংস্থা এগিয়ে আসে এবং গণভোটের আয়োজন করে। বিভিন্ন শাখার সমন্বয়ে প্রতিষ্ঠিত এই বিশ্ব সংস্থাটি বিশ্ব শান্তি রক্ষার মহান দায়িত্ব পালন করে যাচ্ছে।

ক. জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত? ১

খ. আন্তর্জাতিক আদালত কেন প্রতিষ্ঠা করা হয়? ২

গ. সুদান ও দারফুর মধ্যে বিবাদ মীমাংসায় বিশ্ব সংস্থাটির কোন শাখা কাজ করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটি বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ভূমিকা রেখে যাচ্ছে। বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড : ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. Civics ও Civitas কোন ভাষার শব্দ?**
ক) ইংরেজি খ) জার্মান গ) ল্যাটিন ঘ) রোমান

**২. প্রাচীন রোমের নাগরিকতার প্রকৃতি কেমন ছিল, তা জানার জন্যে তানিয়াকে কোন বিষয়টি অধ্যায়ন করতে হবে।**
ক) সমাজবিজ্ঞান খ) রাজনীতি বিজ্ঞান
গ) পৌরনীতি ও নাগরিকতা
ঘ) মনোবিজ্ঞান

**৩. সমাজ কী?**
ক) বিচ্ছিন্ন জনগোষ্ঠী খ) বিভিন্ন উপাদানের সমষ্টি
গ) বিভিন্ন সংগঠনের সমষ্টি
ঘ) সংঘবদ্ধ জনগোষ্ঠী

**৪. রাষ্ট্রের নাগরিক হিসেবে প্রত্যেকের কোন ধরনের শিক্ষা বেশি প্রয়োজন?**
ক) রাজনৈতিক শিক্ষা খ) সাংস্কৃতিক শিক্ষা
গ) সুনাগরিকতার শিক্ষা ঘ) ধর্মীয় শিক্ষা

**৫. অনুমোদন সূত্রে নাগরিকতা অর্জনে যে শর্ত পালন করতে হয়—**
i. ভোটদান ii. সরকারি চাকরি গ্রহণ
iii. সম্পত্তি ক্রয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**৬. কোনটি মানুষের বাহ্যিক আচরণকে নিয়ন্ত্রণ করে?**
ক) সংবিধান খ) সাম্য গ) মূল্যবোধ ঘ) আইন

**৭. কেউ আইনের উর্ধ্বে নয়, সকলে আইনের অধীন— এটি নিচের কোনটির অর্থ?**
ক) সাম্য খ) স্বাধীনতা
গ) আইনের শাসন ঘ) ন্যায়বিচার

**৮. সাম্যের অর্থ কী?**
ক) একতা খ) ঐতিহ্য গ) সমান ঘ) সমতল


**৯. কোন শাসনব্যবস্থায় জনগণ স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারে?**
ক) স্বৈরতান্ত্রিক খ) গণতান্ত্রিক
গ) পুঁজিবাদী ঘ) সমাজতান্ত্রিক

**১০. একনায়কতান্ত্রিক রাষ্ট্রের ক্ষমতা কার হাতে ন্যস্ত থাকে?**
ক) একজনের হাতে
খ) চাপসৃষ্টিকারী গোষ্ঠীর হাতে
গ) রাজনৈতিক দলের হাতে
ঘ) জনগণের হাতে

**১১. কল্যাণমূলক রাষ্ট্রের বৈশিষ্ট্য কয়টি?**
ক) ছয়টি খ) পাঁচটি গ) চারটি ঘ) তিনটি

**১২. যুক্তরাষ্ট্রীয় সরকারের গুণাবলি হচ্ছে—**
i. আঞ্চলিক সমস্যা সমাধানের উপযোগী
ii. কেন্দ্রের স্বেচ্ছাচারিতা লোপ পায়
iii. জাতীয় ঐক্য গড়ে তোলা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**ছকটি লক্ষ করো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**




**১৩. উপরের '?' চিহ্নিত স্থানটির জন্যে কোনটি প্রযোজ্য?**
ক) সংবিধান খ) জাতিসংঘ
গ) জাতীয় সংসদ ঘ) স্বাধীনতা

**১৪. ছকের '?' চিহ্নিত স্থানের বিষয়টি আলাপ-আলোচনা ও বিপ্লবের মাধ্যমে প্রণীত হয়—**
i. বাংলাদেশ ও পাকিস্তানে
ii. ইংল্যান্ড ও আমেরিকায়
iii. রাশিয়া ও চীনে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. কোন ধরনের সংবিধানে পরিবর্তিত সমাজের সাথে তাল মিলিয়ে চলতে অক্ষম?**
ক) অলিখিত সংবিধান খ) সুপরিবর্তনীয় সংবিধান
গ) লিখিত সংবিধান ঘ) দুষ্পরিবর্তনীয় সংবিধান

**১৬. সংবিধান অনুযায়ী বাংলাদেশ সকল ক্ষমতার উৎস?**
ক) পুঁজিবাদী খ) প্রজাতান্ত্রিক
গ) একনায়কতান্ত্রিক ঘ) রাজতান্ত্রিক

**১৭. দ্বাদশ সংশোধনীতে উপ-রাষ্ট্রপতি পদ কত সালে বিলুপ্ত করা হয়?**
ক) ১৯৯১ খ) ১৯৯০ গ) ১৯৮৮ ঘ) ১৯৭৫

**১৮. বাংলাদেশ শাসন বিভাগের সর্বোচ্চ ব্যক্তি কে?**
ক) প্রধানমন্ত্রী খ) সচিব
গ) স্পিকার ঘ) রাষ্ট্রপতি

**১৯. জরুরি অবস্থা ঘোষণা করতে পারেন—**
i. দেশ অন্য কোনো দেশ কর্তৃক আক্রান্ত হলে
ii. দেশে সামরিক অভ্যুত্থান ঘটলে
iii. দেশের নিরাপত্তা বা শান্তি বিনষ্ট হলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২০. কোনো বিল পাস করানোর জন্যে কে কার্যকর ভূমিকা পালন করেন?**
ক) বিরোধী নেতা খ) হুইপ
গ) মন্ত্রিপরিষদের সদস্য ঘ) জনগণ

**২১. মন্ত্রণালয়ের অধীনে রয়েছে—**
i. বিভিন্ন স্বায়ত্তশাসিত সংস্থা
ii. আধা-স্বায়ত্তশাসিত সংস্থা
iii. বোর্ড ও কর্পোরেশন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

২২. সৌদি আরবের শাসনব্যবস্থা কীরূপ?
ক) গণতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক
গ) ধনতান্ত্রিক ঘ) রাজতান্ত্রিক

২৩. জাতীয় পার্টি প্রতিষ্ঠিত হয় কখন?
ক) ১ ডিসেম্বর, ১৯৮৫ সালে
খ) ১ জানুয়ারি, ১৯৮৬ সালে
গ) ১ ফেব্রুয়ারি, ১৯৮৭ সালে
ঘ) ১ মার্চ, ১৯৮৮ সালে

২৪. কার নেতৃত্বে জামায়াতে ইসলামী প্রতিষ্ঠিত হয়?
ক) মাওলানা মতিউর রহমান নিজামীর
খ) গোলাম আযমের
গ) মাওলানা আবুল আল মওদূদী
ঘ) মাওলানা ভাসানীর

২৫. কীসের মধ্যে দিয়ে বংলাদেশ নামক স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের জন্ম হয়?
ক) ভাষা আন্দোলন খ) ছয় দফা আন্দোলন
গ) গণ-অভ্যুত্থান ঘ) মহান মুক্তিযুদ্ধ

২৬. ইউনিয়ন পরিষদ নিচের দিক থেকে সবচেয়ে কার্যকর ইউনিট, কারণ—
i. জনগণ রাষ্ট্রের শাসনকার্যে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করতে পারে
ii. গ্রামীণ জীবনে খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে
iii. আত্মকর্মসংস্থান সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. উপজেলা পরিষদে চেয়ারম্যান প্যানেলের মধ্যে কতজন মহিলা সদস্য থাকে?
ক) ৩ খ) ৫ গ) ২ ঘ) ১

২৮. জেলা পরিষদের উন্নয়ন করুণা কোন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে পাঠানো হয়?
ক) অর্থ মন্ত্রণালয় খ) পরিকল্পনা মন্ত্রণালয়
গ) স্থানীয় সরকার ও পল্লি উন্নয়ন মন্ত্রণালয়
ঘ) পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

২৯. সিটি কর্পোরেশন মেয়রের মর্যাদা কার সমান?
ক) মন্ত্রী খ) প্রতিমন্ত্রী
গ) এমপি ঘ) বিচারপতি

৩০. চীনের লোকসংখ্যা কত?
ক) ১.১ বিলিয়ন খ) ১.২ বিলিয়ন
গ) ১.৩ বিলিয়ন ঘ) ১.৪ বিলিয়ন

৩১. কোনটি বৃদ্ধির ফলে বাংলাদেশে বহুবিধ সমস্যার সৃষ্টি হয়েছে?
ক) মাথাপিছু আয় খ) সমুদ্র সীমা
গ) দ্রুত জনসংখ্যা ঘ) শিক্ষার হার

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
সম্প্রতি টেলিভিশন চ্যানেল জিটিভিতে প্রচারিত সত্য ঘটনার ওপর ভিত্তি করে নির্মিত ধারাবাহিক, 'ক্রাইম মিশন' অনুষ্ঠান দেখার সময় সাহেদের উপলব্ধি হলো দেশে সন্ত্রাসবিরোধী বিভিন্ন আইন, পুলিশ প্রশাসন থাকা সত্ত্বেও নানা ধরনের সন্ত্রাসী কার্যক্রম চলছে। এজন্যে সে মনে করে এগুলো পাশাপশি সর্বজনীন শিক্ষা ও মূল্যবোধের জাগরণ, কর্মসংস্থান বৃদ্ধি, প্রশাসনিক কঠোরতারও প্রয়োজন আছে। সে আরও উপলব্ধি করল, সন্ত্রাস প্রতিরোধে নাগরিক হিসেবে আমাদের অনেক করণীয় রয়েছে।

৩২. অনুচ্ছেদে উল্লিখিত সন্ত্রাসবিরোধী ব্যবস্থাসমূহের মধ্যে কোনটির মাধ্যমে অপরাধীদের শাস্তির ব্যবস্থা করা হয়?
ক) সন্ত্রাস বিরোধী আইন খ) পুলিশ প্রশাসন
গ) প্রশাসনিক কঠোরতা ঘ) জনসচেতনতা

৩৩. সন্ত্রাস প্রতিরোধ ও প্রতিকারে নাগরিক হিসেবে সাহেদের করণীয় হলো—
i. সন্ত্রাসী তৎপরতা সম্পর্কে সচেতন হওয়া
ii. সন্ত্রাসী তৎপরতা রোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে সহায়তা করা
iii. সন্ত্রাসী কর্মকাণ্ডের খারাপ দিক সম্পর্কে অবগত হওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪. 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্র ভাষা— উক্তিটি কার?
ক) লিয়াকত আলী খান খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) নাজিমুদ্দিন ঘ) টিক্কা খান

৩৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কবে পালন করা হয়?
ক) ২০ জানুয়ারি খ) ২১ ফেব্রুয়ারি
গ) ২২ ফেব্রুয়ারি ঘ) ২৩ ফেব্রুয়ারি

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
ইমন ফেব্রুয়ারি মাসের নির্দিষ্ট তারিখে ভোরবেলায় বিদ্যালয়ের শহীদ মিনারে খালি পায়ে ফুলের তোড়া নিয়ে শ্রদ্ধা জানায়।

৩৬. ইমন কোন আন্দোলনের স্মরণে শহীদ মিনারে ফুলের তোড়া দেয়?
ক) স্বাধীনতা আন্দোলন খ) ভাষা আন্দোলন
গ) গণ আন্দোলন ঘ) ছাত্র আন্দোলন

৩৭. উক্ত আন্দোলনে পুলিশের গুলিতে শহীদ হন—
i. সালাম ii. বরকত
iii. জব্বার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. আগরতলা ষড়যন্ত্র মামলায় কী অভিযোগ আনা হয়?
ক) অর্থ আত্মসাতের খ) রাষ্ট্রদ্রোহিতার
গ) অভ্যুত্থানের ঘ) হত্যার পরিকল্পনার

৩৯. 'জয় বাংলা' কোন জাতির মুক্তির ধ্বনি?
ক) আফ্রিদি খ) বাঙালি
গ) বার্মিজ ঘ) গুর্খা

৪০. নেপালের রাজধানীর নাম কী?
ক) থিম্পু খ) মালে
গ) কাঠমুন্ডু ঘ) ইসলামাবাদ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | খ |
| | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ক |
| | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | গ | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com